[redacted]

[redacted] [redacted] [redacted] [

উপদেষ্টার তেজগাঁও কার্যালয়ে যান ১৫ ক্রিকেটারসহ ১৯ জনের একটি দল।

১৫ ক্রিকেটারের বাইরে ড. ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন বিসিবি সভাপতি ফারুক আহমেদ, পরিচালক নাজমুল আবেদীন ফাহিম, প্রধান নির্বাহী নিজাম উদ্দিন চৌধুরী সুজন এবং পাকিস্তান সফরে যাওয়া বাংলাদেশ দলের ম্যানেজার রাবীদ ইমাম। এছাড়াও সাক্ষাতে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ।

১৬ ক্রিকেটার পাকিস্তানে খেলতে গিয়েছিলেন। সাকিব আল হাসান ইংল্যান্ডের টনটনে কাউন্টি ক্রিকেটে খেলছেন। সাকিবের বিরুদ্ধে মামলা রয়েছে। সিরিজ জেতা বাংলাদেশ দলের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত জানিয়েছিলেন তারা প্রধান উপদেষ্টার সঙ্গে সাকিবের বিষয়ে কথা বলবেন।

সূত্র: ইত্তেফাক

একই রাতে ধরাশায়ী চার লাতিন পরাশক্তি

দক্ষিণ আমেরিকান ফুটবল কনফেডারেশন-কনমেবলের অধীনে ১০ দল। বিশ্বকাপ বাছাইয়ে হোম-অ্যাওয়ে পদ্ধতিতে ১০ দল একে অপরের মুখোমুখি হয় দুবার করে। ফলে প্রতিটি দলকে খেলতে হয় ১৮টি করে ম্যাচ। একই রাতে মুখোমুখি হয় ১০ দল, এতে ম্যাচ হয় ৫টি।

লাতিন সময় মঙ্গলবারের (১০ সেপ্টেম্বর) রাতটিও এর ব্যতিক্রম নয়। এতে রাতে হওয়া পাঁচ ম্যাচের চারটিতে ধরাশায়ী হয়েছে লাতিন আমেরিকা ফুটবল অঞ্চলের চার পরাশক্তি আর্জেন্টিনা, ব্রাজিল, চিলি ও উরুগুয়ে।

ঘরের মাঠে বিশ্বকাপ বাছাইয়ে লিওনেল মেসিহীন আর্জেন্টিনাকে ২-১ গোলে হারিয়ে দেয় কলম্বিয়া। এতে প্রতিশোধ নেওয়া হয় কোপা আমেরিকা কাপে ফাইনালে হারের। কলম্বিয়ানদের কাছে এ হারে থেমে যায়

শীর্ষে রয়েছে আর্জেন্টিনা। ১৬ পয়েন্ট নিয়ে টেবিলের দ্বিতীয়তে উঠে এসেছে কলম্বিয়া। এরপর যথাক্রমে রয়েছে- উরুগুয়ে (১৫), ইকুয়েডর (১১), ব্রাজিল (১০), ভেনেজুয়েলা (১০), প্যারাগুয়ে (৯), বলিভিয়া (৯), চিলি (৫) ও পেরু (৫)।

লাতিন মহাদেশের দশ দল থেকে বিশ্বকাপে সরাসরি খেলবে পয়েন্ট টেবিলে শীর্ষ ছয়টি। আর সপ্তম দলকে খেলতে হবে প্লে অফ ম্যাচ।
সূত্র: কালবেলা

যুক্তরাষ্ট্রের টি-টেন লিগে ডাক পেলেন মাশরাফীসহ ৮ বাংলাদেশি ক্রিকেটার

আন্তর্জাতিক টি-টোয়েন্টি থেকে অনেক আগেই অবসর নিয়েছেন মাশরাফি বিন মর্তুজা। তবে ঘরোয়া ক্রিকেটে এখনও খেলছেন তিনি। বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) মতো আসরেও নিয়মিত তিনি। এবার খেলবেন ইউএস মাস্টার্স টি-টেন লিগে।

আগামী ৮ নভেম্বর ছয় দলের অংশগ্রহণে শুরু হবে যুক্তরাষ্ট্রের মাস্টার্স টি-টেন লিগ। টুর্নমেন্টের ফাইনাল অনুষ্ঠিত হবে ১৭ নভেম্বর। আসন্ন এই লিগে খেলার জন্য ডাক পেয়েছেন একঝাঁক বাংলাদেশি ক্রিকেটার।

গতকাল সোমবার (০৯ আগস্ট) অনুষ্ঠিত হয়েছিল দ্বিতীয় আসরের প্লেয়ার্স ড্রাফট। সেখান থেকে থেকে দল পেয়েছেন মাশরাফী, আরাফাত সানি, আল-আমিন হোসেন, আরিফুল হক, ইলিয়াস সানি, কামরুল ইসলাম রাব্বি, এনামুল হক জুনিয়র ও সৈয়দ রাসেল। এর আগে সরাসরি চুক্তিতে দল পেয়েছেন নুরুল হাসান সোহান ও আব্দুর রাজ্জাক।

মাশরাফীকে দলে ভিড়িয়েছেন ড্রেটয়িট ফ্যালকনস। একই দলের হয়ে খেলবেন এনামুল হক জুনিয়র, আরিফুল হক ও মাশরাফীর একসময়ের পেস বোলিং পার্টনার সৈয়দ রাসেল। আছেন সরাসরি চুক্তিতে দল পাওয়া আব্দুর

রাজ্জাকও।

সর্বশেষ বিপিএলে খেলেছিলেন মাশরাফি। সিলেট স্ট্রাইকার্সের অধিনায়কত্ব করেছিলেন তিনি। তবে আসরের সবগুলো ম্যাচ খেলেননি। মাঝপথেই আসর ছেড়েছেন রাজনৈতিক ব্যস্ততা দেখিয়ে। এরপর আর কোনো প্রতিযোগিতামূলক ম্যাচ খেলেননি এই পেসার।

এদিকে গত ৫ আগস্ট ছাত্র-জনতার আন্দোলনের মুখে পদত্যাগ করতে বাধ্য হয়েছেন শেখ হাসিনা। দায়িত্ব ছেড়ে গোপনে দেশ ত্যাগ করেছেন তিনি। ফলে অবসান ঘটেছে টানা ১৫ বছর বাংলাদেশের শাসনক্ষমতায় থাকা আওয়ামী লীগের। এর পর দলটির বেশির ভাগ শীর্ষ নেতারা দেশ ছেড়ে পালিয়েছেন। তবে দেশেই আছেন দলটি মনোনীত দুই বারের সাবেক সংসদ সদস্য মাশরাফি।

সূত্র: ইত্তেফাক

বাংলাদেশের বিপক্ষে প্রথম টেস্টের দল ঘোষণা করল ভারত

ঘরের মাঠে বাংলাদেশের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলবে ভারত। আগামী ১৯ সেপ্টেম্বর থেকে শুরু হবে সিরিজ। এখনও বাকি প্রায় ১১ দিন। এতটা সময় হাতে রেখে রোববার (৮ সেপ্টেম্বর) দল ঘোষণা করেছে ভারত। ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) অবশ্য কেবল প্রথম টেস্টের স্কোয়াড দিয়েছে।

রোহিত শর্মাকে অধিনায়ক করে ১৬ সদস্যের স্কোয়াড দিয়েছে বিসিসিআই। পূর্ণ শক্তির দল নিয়েই বাংলাদেশকে মোকাবিলা করবে ভারত। ভারতের ব্যাটিং লাইন আপ বরাবরই সমৃদ্ধ। রোহিতের পাশাপাশি দলে আছেন বিরাট কোহলি, লোকেশ রাহুলদের মতো ব্যাটাররা। তরুণ তারকা হিসেবে যশস্বী জাইসওয়াল ও শুভমান গিলরা জায়গা পেয়েছেন অনুমিতভাবেই।

বোলিংয়ে অভিজ্ঞ রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজারা আছেন।

স্পিনের সঙ্গে যাদের ব্যাটিংও দুর্দান্ত। টেস্টের অন্যতম সেরা দুই অলরাউন্ডারের সঙ্গে পেস আক্রমণে আছেন জাসপ্রীত বুমরাহ, মোহাম্মদ সিরাজরা।

দীর্ঘদিন পর ভারতীয় দলে ফিরেছেন উইকেটরক্ষক ব্যাটার ঋষভ পন্ত। সড়ক দুর্ঘটনার শিকার হয়ে প্রায় দুই বছর জাতীয় দলের বাইরে ছিলেন তিনি। এ ছাড়া প্রথমবারের মতো ভারতীয় দলে ডাক পেয়েছেন যশ দয়াল।

দুটি টেস্ট ও তিনটি টি-টোয়েন্টি খেলতে আগামী ১৫ সেপ্টেম্বর দেশ ছাড়বে বাংলাদেশ। ১৯ সেপ্টেম্বর চেন্নাইয়ে গড়াবে দুই ম্যাচ সিরিজের প্রথম টেস্ট। কানপুরে সিরিজের দ্বিতীয় টেস্ট শুরু হবে ২৭ সেপ্টেম্বর। তিন ম্যাচের টি-টোয়েন্টি অনুষ্ঠিত হবে যথাক্রমে ৬, ৯ ও ১২ অক্টোবর।

সূত্র: ইত্তেফাক

দুই পরিবর্তন নিয়ে মাঠে নামছে বাংলাদেশ

দুই ম্যাচের প্রীতি সিরিজের দ্বিতীয় ও শেষ ম্যাচে ভুটানের বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ। রোববার (৮ সেপ্টেম্বর) থিম্পুর চাংলিমিথাং স্টেডিয়ামে মাঠে নামছে দু’দল। এই ম্যাচে একাদশে দুই পরিবর্তন এনেছেন কোচ হ্যাবিয়ের ক্যাবরেরা।

প্রথম ম্যাচের মতো এই ম্যাচে বাংলাদেশের একাদশে নেই জামাল ভূঁইয়া। প্রথম ম্যাচে তার পরিবর্তে লাল-সবুজ জার্সিধারীদের অধিনায়কত্ব করেছিলেন তপু বর্মণ। তবে এই ম্যাচে দলকে নেতৃত্ব দেবেন সিনিয়র সোহলে রানা।

ইনজুরির কারণে নেই ফরোয়ার্ড রাকিব হোসেন। তার পরিবর্তে একাদশে জায়গা পেয়েছেন শাহরিয়ার ইমন। এছাড়া ডিফেন্ডার বিশ্বনাথ ঘোষের জায়গায় এসেছেন ইসা ফয়সাল।

বাংলাদেশ একাদশ: মিতুল মারমা (গোলরক্ষক), তপু বর্মণ, শাকিল, ইসা

ফয়সাল, সাদ উদ্দিন, সোহেল রানা, মো. সোহেল রানা, হৃদয়, ফাহিম, শেখ মোরসালিন ও শাহরিয়ার ইমন।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদা পুরাতন বাস্তপুর ঐতিহ্যবাহী গাদি খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামে হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহী গাদি খেলা অনুষ্ঠিত হয়েছে। খেলায় ৮ টি দল অংগ্রহন করেন। আজ শনিবার পুরাতন বাস্তবপুর গাদি একাদশ ক্লাবের আয়োজনে এই খেলা অনুষ্ঠিত হয়।

খেলার প্রথম দিনের চারটি দল অংশগ্রহণ করেন কুষ্টিয়া কুমারখালী একাদশ, কুষ্টিয়া দৌলতপুর একাদশ, মেহেরপুর গাংনী একাদশ, পুরাতন বাস্তপুর একাদশ।

কুষ্টিয়া কুমারখালী একাদশ বনাম পুরাতন বাস্তপুর একাদশ ও কুষ্টিয়া দৌলতপুর একাদশ বনাম মেহেরপুর গাংনী একাদশ খেলা অনুষ্ঠিত হয়। উভয় দলকে হারিয়ে খেলার প্রথম রাউন্ডে কুষ্টিয়া দৌলতপুর একাদশ ও পুরাতন বাস্তবপুর একাদশ চ্যাম্পিয়ন হয়।

পুরাতন খেলা নতুন করে জাগ্রত হওয়ায় এলাকার আবালবৃদ্ধ সকলে খেলা দেখার জন্য ভিড় জমায়।গাদি খেলাটি পরিচালনা করেন আক্তারুজ্জামান লাভলু ও আবুল বাসার।

৩ ম্যাচ পরে জয়ের দেখা পেলো ব্রাজিল

২০২৬ ফিফা বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচে ইকুয়েডরকে ১-০ গোলে হারিয়ে অবশেষে ৩ ম্যাচের পরাজয়ের বৃত্ত থেকে বের হল ৫ বারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল। রিয়াল মাদ্রিদের তারকা ফরোয়ার্ড রদ্রিগোর ৩০ মিনিটের একটি দূরপাল্লার শট ব্রাজিলের জন্য বাছাইপর্বে তৃতীয় জয় নিয়ে আসে।

শনিবার (৭ সেপ্টেম্বরে) বাংলাদেশ সময় সকাল ৭ টায় শুরু হওয়া ম্যাচে প্রথম থেকেই ব্রাজিল বলের দখলে আধিপত্য বজায় রাখে, খেলাটির গতি নিয়ন্ত্রণ করে এবং ইকুয়েডরকে রক্ষণাত্মক অবস্থানে ঠেলে দেয়। তবে ম্যাচের একমাত্র গোল আসে যখন রদ্রিগো বক্সের বাইরে কিছুটা জায়গা খুঁজে পেয়ে একটি শট নেন, যা ইকুয়েডরের উইলিয়াম পাচোর গায়ে লেগে দিক বদলায় এবং গোলরক্ষক হার্নান গ্যালিন্ডেজকে বিভ্রান্ত করে গোললাইনে পৌঁছে যায়।

যদিও ব্রাজিল মাঠের আধিপত্য বজায় রাখে তবে তারা আক্রমণকে আরও বেশি গোলের রূপ দিতে ব্যর্থ হয়। ইকুয়েডর তাদের নতুন কোচ সেবাস্তিয়ান বেক্কাচেসের অধীনে, তাদের রক্ষণ শক্তভাবে গুছিয়ে রাখে। ব্রাজিলের আক্রমণকারীদের—যেমন ভিনিসিয়ুস জুনিয়র এবং লুকাস পাকেতার মতো ফুটবলারদের বিভ্রান্ত করতে সফল হয়। যারা বেশ কয়েকটি ভালো সুযোগ পেলেও কাজে লাগাতে পারেনি।

প্রথমার্ধের শেষ মুহূর্তে ইকুয়েডর সমতা ফেরানোর একটি সুযোগ পায়, যখন মোইসেস কাইসেডো পরপর দুটি প্রচেষ্টা করেন—প্রথমে ব্রাজিলের গোলরক্ষক আলিসনের কাছ থেকে দ্রুত প্রতিক্রিয়া শটে ব্যর্থ হন, এবং দ্বিতীয় প্রচেষ্টা গ্যাব্রিয়েল ম্যাগালায়েস গোললাইন থেকে ক্লিয়ার করেন।

দ্বিতীয়ার্ধে ব্রাজিল আরও একটি গোলের সন্ধানে আক্রমণ অব্যাহত রাখে। কিন্তু ভিনিসিয়ুস, যিনি ৭৩তম মিনিটে একটি দুর্দান্ত সুযোগ পেয়েছিলেন, তবে তীক্ষ্ণ কোণ থেকে শটটি নিয়ে ব্যর্থ হন। অন্যদিকে, ইকুয়েডর পরিষ্কার সুযোগ তৈরি করতে ব্যর্থ হয়, এবং তাদের সেরা সুযোগটি প্রথমার্ধের ইনজুরি সময়েই আসে।

ব্রাজিলের প্রত্যাশিত গোলের মান ইকুয়েডরের তুলনায় কম হওয়া

সত্ত্বেও তারা তিন পয়েন্ট নিশ্চিত করে দক্ষিণ আমেরিকার বাছাইপর্বের টেবিলে চতুর্থ স্থানে উঠে আসে। অন্যদিকে ইকুয়েডর, যাদের আগেই তিন পয়েন্ট কেটে নেওয়া হয়েছিল, তাদের দ্বিতীয় হারের পর ষষ্ঠ স্থানে নেমে গেছে।

এই জয় ব্রাজিলের জন্য একটি গুরুত্বপূর্ণ প্রেরণা, যারা বাছাইপর্বের দুর্বল শুরুর জন্য এবং কোপা আমেরিকা থেকে বিদায় নেওয়ার জন্য সমালোচিত হচ্ছিল। সেলেসাও তাদের পরবর্তী ম্যাচে প্যারাগুয়ের বিপক্ষে এই জয়ের ধারাবাহিকতা বজায় রাখার চেষ্টা করবে, যা অনুষ্ঠিত হবে ১০ সেপ্টেম্বর।

ইকুয়েডরও আগামী ১০ সেপ্টেম্বর পেরুর বিপক্ষে মাঠে নামবে এবং তারা এই হারের পর ঘুরে দাঁড়ানোর চেষ্টা করবে।

সূত্র: কালবেলা

মোরসালিনের গোলর ভুটানকে হারালো বাংলাদেশ

দুই ম্যাচের প্রীতি সিরিজের প্রথম ম্যাচে ভুটানকে হারিয়েছে বাংলাদেশ। বৃহস্পতিবার (৫ সেপ্টেম্বর) থিম্পুর চাংলিমিথাং স্টেডিয়ামে মাঠে নামে দু’দল। শেখ মোরসালিনের গোলে শুরুতেই এগিয়ে হ্যাবিয়ের ক্যাবরেরার শিষ্যরা। শেষ পর্যন্ত আর কোনো গোল না হলে ১-০ গোলে জয় নিয়ে মাঠ ছাড়ে বাংলাদেশ।

ম্যাচের ৫ মিনিটেই গোলের দেখা পায় বাংলাদেশ। ডান দিক থেকে রাকিব হোসেনের বাড়ানো বল ক্লিয়ার করতে ব্যর্থ হন ভুটানের গোলরক্ষক। সেখান থেকে ডি বক্সের ভেতরে বল পেয়ে জালে জড়ান শেখ মোরসালিন।

পিছিয়ে পড়ে ম্যাচে ফিরতে মরিয়া হয়ে খেলতে থাকে ভুটান। ম্যাচের ১৯ মিনিটে গোলের ভালো সুযোগ পায় তার। তবে গোলরক্ষক মিতুল মার্মার দক্ষতায় রক্ষা পায় বাংলাদেশ।

এরপর গোলের লক্ষ্যে আরও বেশ কিছু আক্রমণ করে ভুটান। অন্যদিকে

লিড পেলেও ছন্নছাড়া ফুটবল খেলে বাংলাদেশ। বল পজিশনে এগিয়ে থেকেও গোল পেতে ব্যর্থ হয় ভুটান। শেষ পর্যন্ত ১-০ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় বাংলাদেশ।

বিরতি থেকে ফিরে ম্যাচে সমতা ফেরাতে মরিয়া হয়ে খেলতে থাকে ভুটান। বেশ কিছু আক্রমণে বাংলাদেশের ডিফেন্সকে ব্যস্ত রাখে তারা। তবে অ্যাটাকিং থার্ডে গিয়ে খেই হারিয়ে ফেলে ভুটানের ফুটবলাররা।

অন্যদিকে ম্যাচের শেষ দিকে সহজ সুযোগ পায় বাংলাদেশও। তবে বল জালে জড়াতে ব্যর্থ হন জনি। শেষ পর্যন্ত আর কোনো গোল না হলে ১-০ গোলে জয় পায় বাংলাদেশ।

সূত্র: ইত্তেফাক

লিটনের র্যাঙ্কিং নিয়ে আইসিসির ভুল তথ্য

রাওয়ালপিন্ডিতে দুই টেস্টের দুর্দান্ত ব্যাটিং করেন লিটন দাস। সিরিজের প্রথম টেস্টে প্রথম ইনিংসে দারুণ সব শটে খেলেন ৫৬ রানের ইনিংস। যদিও শতক না করতে পারার আক্ষেপ নিয়ে ফিরে যান সাজঘরে।

তবে দ্বিতীয় টেস্টের প্রথম ইনিংসে দলের প্রয়োজনীয় মুহূর্তে জ্বলে ওঠে তার ব্যাট। ঘুচান প্রথম টেস্টে শতক করতে না পারার আক্ষেপও। এক সময়ে ২৬ রানে ৬ উইকেট হারানো বাংলাদেশকে কক্ষপথে আনে লিটন-মিরাজের ১৬৫ রানের রেকর্ড জুটি।

হাসান মাহমুদকে নিয়ে গড়েন ৬৯ রানের আরও এক জুটি। নিজে খেলেন ২২৮ বলে ১৩৮ রানের এক ইনিংস। জিতেন ম্যাচসেরার পুরস্কার। এরপর খবর আসে আইসিসির র্যাঙ্কিংয়ে উন্নতির খবর।

২৭তম স্থানে থেকে দ্বিতীয় টেস্ট খেলতে নামেন তিনি। দ্বিতীয় টেস্ট শেষে ১২ ধাপ এগিয়ে ৬৬৮ রেটিং পয়েন্ট নিয়ে ১৫তম স্থানে উঠে আসেন তিনি। র্যাঙ্কিংয়ের সাপ্তাহিক হালনাগাদে এমনটাই জানায় আইসিসি।

ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থার মিডিয়া বিভাগ থেকে গণমাধ্যমে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় ১৩৮ রানের ইনিংস খেলে ক্যারিয়ার সেরা ১৫ নম্বরে উঠে এসেছেন লিটন। ভুলটা হয়েছে এখানেই। এর আগে গত ২০২২ সালের ডিসেম্বরে নিজের ক্যারিয়ার সেরা ১২তম স্থানে ছিলেন তিনি।

এর আগে একই বছরের মে মাসে ৭২৪ রেটিং পয়েন্ট নিয়ে প্রথমবারের মতো ক্যারিয়ারসেরা ১২তম স্থান ছিলেন ডানহাতি এ ব্যাটার। তবে বর্তমানে ১২ ধাপ এগিয়ে ১৫তম স্থানে উঠে এসেছেন লিটন।

সূত্র: কালবেলা